অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/19/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঘোষণা করেছেন যে, MTA 2,390টি সাবওয়ে কার তৈরির জন্য কোম্পানি খুঁজছে, যা এযাবৎকালের সবচেয়ে বড় সাবওয়ে কারের অর্ডার

গভর্নর হোকল এর MTA-র 2025-2029 মূলধনী পরিকল্পনায় সম্পূর্ণ অর্থায়নের ফলেই নতুন কারগুলো সম্ভব হয়েছে

MTA-র মূলধনী পরিকল্পনায় নতুন সাবওয়ে এবং রেলরোড কার, এযাবৎকালের সর্ববৃহৎ বিনিয়োগ অন্তর্ভুক্ত রয়েছে

নতুন কারগুলো 1, 3 এবং 6 নম্বর লাইনের ফ্লিটকে প্রতিস্থাপন করবে; বিকল্পগুলো কাজ করলে 2, 4 এবং 5 নম্বর লাইনের সমস্ত গাড়িও প্রতিস্থাপন করা হবে

রেলপথে ব্যবহৃত গাড়িগুলির আধুনিকীকরণ এবং পরিষেবার নির্ভরযোগ্যতা উন্নত করার জন্য MTA-র প্রচেষ্টা অব্যাহত রয়েছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ঘোষণা করেছেন যে, মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি (Metropolitan Transportation Authority, MTA) তাদের ইতিহাসের বৃহত্তম সাবওয়ে কার চুক্তির জন্য রেল কার প্রস্তুতকারকদের কাছ থেকে প্রোপোজাল চেয়েছেন। এই চুক্তির অধীনে 1, 3, ও 6 লাইনে চলাচলকারী R62 এবং R62A ফ্লিট প্রতিস্থাপনের জন্য প্রাথমিকভাবে 1,140টি সাবওয়ে কার অর্ডার করা হবে এবং যদি অতিরিক্ত 1,250টি কার কেনার বিকল্পটি ব্যবহার করা হয়, তবে 2, 4, ও 5 লাইনের R142 এবং R142A কারগুলোও প্রতিস্থাপন করা হবে।

“সহস্রাধিক নতুন সাবওয়ে গাড়ির মাধ্যমে প্রতিদিন লক্ষাধিক মানুষের জন্য উন্নততর পরিষেবা এবং আরও নির্ভরযোগ্য সফর নিশ্চিত করা — গণপরিবহন খাতে সম্পূর্ণভাবে বিনিয়োগ করলে আমরা এটাই অর্জন করতে পারি,” **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমরা নিউ ইয়র্কে গণপরিবহনের এক নবজাগরণের মধ্য দিয়ে যাচ্ছি, যেখানে যাত্রীসংখ্যা বাড়ছে, এই প্রজন্মের মধ্যে সেরা পরিষেবা দেওয়া হচ্ছে এবং আমাদের সিটির এই প্রাণশক্তিকে আধুনিকীকরণের জন্য ঐতিহাসিক বিনিয়োগ করা হচ্ছে। সাবওয়েতে আরও বেশি খোলা গ্যাংওয়ে কার আনার মাধ্যমে আমরা প্রকৃতই যাত্রীদের নিরাপত্তা ও সার্বিক অভিজ্ঞতা উন্নতি করতে পারি।"

MTA-র সভাপতি ও মুখ্য নির্বাহী কর্মকর্তা Janno Lieber (জানো লিবার) বলেছেন, “গভর্নর Hochul (হোকল) কে ধন্যবাদ, MTA-র 68 বিলিয়ন ডলারের একটি ঐতিহাসিক 2025-2029 মূলধনী পরিকল্পনা রয়েছে এবং নিউ ইয়র্কবাসীরা গণপরিবহনে বিনিয়োগের একটি স্বর্ণযুগ

দেখতে পাচ্ছেন।" আমাদের মূলধনী বিনিয়োগের একটি বিশাল অংশই অলক্ষ্যে থেকে যায়, কিন্তু সাবওয়ে গাড়ির এই পরবর্তী অর্ডারটি – যা আমাদের এযাবৎকালের মধ্যে বৃহত্তম – নিউ ইয়র্কবাসীদের প্রাপ্য আধুনিক গণপরিবহন ব্যবস্থা বাস্তবায়নের দিকে একটি কার্যকর গুরুত্বপূর্ণ পদক্ষেপ।"

সব মিলিয়ে, এই চুক্তিতে 2,390টি নতুন সাবওয়ে কার অন্তর্ভুক্ত রয়েছে — শিকাগো ট্রানজিট অথরিটি (Chicago Transit Authority) এবং ম্যাসাচুসেটস বে ট্রানজিট অথরিটির (Massachusetts Bay Transit Authority) সম্মিলিত সাবওয়ে ফ্লিটের চেয়েও বেশি। নতুন গাড়িগুলো, মডেল R262, এর অর্থায়ন করা হবে MTA-র 2025-29 মূলধনী পরিকল্পনা থেকে, যা 2026 অর্থবছরের অনুমোদিত স্টেট বাজেটে, গভর্নর Hochul (হোকল) এবং স্টেটের আইনসভার কাছ থেকে 68 বিলিয়ন ডলারের একটি ঐতিহাসিক তহবিল পেয়েছে। এই মূলধনী পরিকল্পনাটি MTA-র ইতিহাসে রেলপথে ব্যবহৃত নতুন গাড়িগুলির (রোলিং স্টক) খাতে করা সর্ববৃহৎ বিনিয়োগ। এই ক্রয়ের মধ্যে 2020-2024 মূলধনী পরিকল্পনার মাধ্যমে উপলব্ধ তহবিলও অন্তর্ভুক্ত রয়েছে, যা কনজেশন প্রাইসিং (একটি যানবাহন ব্যবস্থাপনা কৌশল, যা নির্দিষ্ট কিছু অত্যধিক যানজটপূর্ণ এলাকায় প্রবেশ কিংবা ব্যস্ততম সময়ে নির্দিষ্ট কিছু সড়ক ব্যবহারের জন্য চালকদের ওপর অতিরিক্ত মাশুল আরোপ করে) থেকে প্রাপ্ত আয় দ্বারা সমর্থিত।

নতুন রোলিং স্টক প্রোগ্রাম চালু হওয়ায়, MTA এই চুক্তিটিকে ভিন্নভাবে দেখছে, এর শর্তাবলীকে আধুনিকীকরণ করছে এবং প্রস্তুতকর্তাদের নতুন ধারণা প্রস্তাব করার জন্য আরও বেশি নমনীয়তা দিয়ে উদ্ভাবনকে উৎসাহিত করছে। টেকনিক্যাল স্পেসিফিকেশনের 60 শতাংশেরও বেশি এখন ডিজাইন-নির্ভর না হয়ে পারফরম্যান্স-ভিত্তিক এবং এই প্রথমবারের মতো শর্তাবলীতে প্রস্তাবকদের, সমগ্র জীবনকালের মোট ব্যয় নিরূপণকারী আর্থিক আনুমানিক হিসেব জমা দিতে বলা হয়েছে। এই প্রচেষ্টার ফলে একটি সুশৃঙ্খল চুক্তি তৈরি হয়েছে, যা ঠিকাদারদের বর্তমান প্রতিবন্ধকতাগুলো মোকাবেলা এবং যাত্রীদের প্রাপ্য মানসম্মত গাড়ি সময়মতো সরবরাহ নিশ্চিত করার জন্য কর্তৃপক্ষের হাতে প্রয়োজনীয় সরঞ্জাম ধরে রাখার মধ্যে একটি ভারসাম্যপূর্ণ পন্থা অবলম্বন করে।

এই ঐতিহাসিক কার কন্ট্র্যাক্টের মাধ্যমে সাবওয়ের সমগ্র ফ্লিটে 36.4 শতাংশ পর্যন্ত প্রতিস্থাপন করা যেতে পারে — যার মধ্যে শুধু মূল অর্ডারটি দিয়েই 17.3 শতাংশ প্রতিস্থাপন করা সম্ভব। সাবওয়ের সম্পূর্ণ ফ্লিটে গাড়ির সংখ্যা 6,574টি। নতুন গাড়িগুলো উন্নত যান্ত্রিক নির্ভরযোগ্যতা (Mean Distance Between Failure, (MDBF) — যা কোনো গাড়ি কোনো সমস্যা, মেরামত বা রক্ষণাবেক্ষণ ছাড়াই কতক্ষণ চলতে পারে তা পরিমাপ করে - এর মাধ্যমে নির্ভরযোগ্যতা উল্লেখযোগ্যভাবে উন্নত করবে। R62/R62A-এর গড় MDBF 89,000 মাইলের তুলনায়, R262-এর জন্য 2,00,000 মাইলের MDBF আবশ্যক। এই আপগ্রেডটি যাত্রাপথে গ্রাহকদের ভোগান্তি কমাবে এবং গাড়িগুলো পরিষেবা থেকে বাইরে থাকার সময়ও হ্রাস করবে।

প্রস্তাবনার অনুরোধ (Request for Proposals, RFP)-এ অন্যান্য প্রযুক্তিগত বিবরণের রূপরেখা দেওয়া হয়, যা দক্ষতা, নিরাপত্তা, কর্মক্ষমতা এবং গ্রাহক অভিজ্ঞতা উন্নত করার জন্য তৈরি করা হয়েছে। এগুলোর মধ্যে রয়েছে উন্নত মানের ঘোষণা ব্যবস্থা এবং সহায়ক শ্রবণ যন্ত্র, যা শ্রবণ-প্রতিবন্ধী যাত্রীদের শ্রবণ সহায়কের মতো ব্যক্তিগত ডিভাইসের সাথে সংযোগ স্থাপন করতে সাহায্য করে। এছাড়াও, RFP-তে উল্লেখ করা হয়েছে যে ভবিষ্যতের অর্ডারে একটি অনির্ধারিত

সংখ্যক ওপেন গ্যাংওয়ে কার থাকবে, যা A-ডিভিশন বা নম্বরযুক্ত লাইনগুলোতে এই প্রথমবার হবে। কার্যকারিতা বৃদ্ধির জন্য স্বয়ংক্রিয় যাত্রী গণনা (Automatic Passenger Counting, APC) সিস্টেম এবং বৈদ্যুতিক ব্রাকিং কন্ট্রোল স্থাপন করা হয়েছে, যার ফলে যন্ত্রাংশের সংখ্যা কমে আসায় সাশ্রয় হয়। নিরাপত্তা বৈশিষ্ট্যগুলোর মধ্যে রয়েছে বর্তমানে প্রচলিত সাবওয়ে ফ্লিটে স্থাপিত ক্যামেরার মতো অনবোর্ড ক্যামেরা এবং প্ল্যাটফর্মের প্রান্তে CCTV, সেইসাথে অননুমোদিতভাবে কেবিনে প্রবেশ রোধ করার জন্য একটি ইলেকট্রনিক লক।

প্রস্তাব জমা দেওয়ার শেষ তারিখ 8 সেপ্টেম্বর, 2026 এবং 2028 সালের শুরুর দিকে চুক্তি প্রদান করা হবে বলে আশা করা হচ্ছে।

এই RFP গত মাসের ঘোষণার পর করা হয়েছে , যেখানে MTA-র চেয়ারম্যান এবং মুখ্য নির্বাহী কর্মকর্তা Janno Lieber (জানো লিবার) Jessie Lazarus (জেসি ল্যাজারাস) কে একটি নতুন সংস্থা তৈরি ও নেতৃত্ব দেওয়ার জন্য নিযুক্ত করেছিলেন। এই সংস্থাটি MTA-র রোলিং স্টক কৌশল পরিচালনা করবে এবং বাস, সাবওয়ে কার এবং কমিউটার রেল ট্রেন সহ MTA-র সবচেয়ে কৌশলগত সম্পদগুলির অধিগ্রহণ এবং জীবনব্যাপী ব্যয়ের প্রতি নিবেদিত মনোযোগ নিশ্চিত করবে। নতুন রোলিং স্টক প্রোগ্রামের (Rolling Stock Program) প্রধান হিসেবে, Lazarus (ল্যাজারাস) এবং তার দল সমস্ত নতুন সাবওয়ে, বাস এবং রেলরোড কারের ক্রয় পরিচালনা করে, যার মধ্যে MTA-এর পুরানো ফ্লিটগুলো প্রতিস্থাপনের জন্য 2025-29 মূলধনী পরিকল্পনা থেকে 12 বিলিয়ন ডলারের বিনিয়োগও অন্তর্ভুক্ত।

2025 সালের শেষে রেইলকেয়ার অ্যাক্সেপ্টেন্স অ্যান্ড টেস্টিং ফেসিলিটি (Railcar Acceptance and Testing Facility), যা MTA-র এই ধরনের সর্বপ্রথম ফেসিলিটি, সেটির উদ্বোধনটি উদযাপন করার পরে এই ঘোষণাটি করা হয়। এই ফেসিলিটিটি MTA-কে নতুন সাবওয়ে কার, ওয়ার্ক লোকোমোটিভ এবং অন্যান্য রোলিং স্টক আরও দক্ষতার সাথে প্রস্তুত করতে সক্ষম করে, যা অনসাইট পরীক্ষা সম্পন্ন করার মাধ্যমে কারগুলোকে আরও দ্রুত পরিষেবাতে যুক্ত করতে সহায়তা করে। এটি নিশ্চিত করে যে, এক প্রজন্মেরও আগে সিস্টেমেটিক মূলধনী পরিকল্পনা প্রথম শুরু করার পর থেকে, সংস্থান বা তহবিলের ব্যাপক, তাৎপর্যপূর্ণ নতুন রেল কার সংযোজনের জন্য MTA প্রস্তুত।

MTA-র রোলিং স্টক প্রোগ্রামের প্রধান Jessie Lazarus (জেসি ল্যাজারাস) বলেছেন, “এটি MTA-র ইতিহাসে নতুন সাবওয়ে কারের সবচেয়ে বড় অর্ডার হবে এবং আমরা যত বেশি সম্ভব যোগ্য সংস্থাকে আকৃষ্ট করতে আমাদের পদ্ধতিকে আধুনিকীকরণ করছি।” আমরা ইন্ডাস্ট্রিকে তাদের সেরা প্রযুক্তিগত এবং বাণিজ্যিক ধারণা নিয়ে এগিয়ে আসার জন্য আহ্বান জানাচ্ছি, যাতে আমাদের কর্মক্ষমতার মানদণ্ড পূরণ করা যায় এবং আমাদের গ্রাহকদের প্রাপ্য বিশ্বমানের গণপরিবহন অভিজ্ঞতা প্রদানে MTA-কে সহায়তা করা যায়।”

নিউ ইয়র্ক সিটি ট্রানজিটের প্রেসিডেন্ট Demetrius Crichlow (ডেমেট্রিয়াস ক্রিচলো) বলেছেন, “আমরা প্রায় 1980-এর দশক থেকে চলে আসা গাড়িগুলো প্রতিস্থাপনের কথা বলছি — আর কেউ কি 40 বছর পুরোনো গাড়ি চালাচ্ছেন? যদিও আমরা এই ফ্লিটের মাধ্যমে পরিষেবা বাড়ানোর পাশাপাশি ঐতিহাসিক সময়ানুবর্তিতা অর্জন করতে পেরেছি, এখন আধুনিক যুগে প্রবেশ করার সময় হয়েছে। এবং আমাদের এই ধরনের সর্বপ্রথম রেইলকেয়ার অ্যাক্সেপ্টেন্স

অ্যান্ড টেস্টিং ফেসিলিটি নিউ ইয়র্কবাসীদের কাছে একটি প্রতীক হিসেবে কাজ করে যে, আমরা এই ঐতিহাসিক ক্রয়ের প্রতিশ্রুতি পূরণে ঐকান্তিক।”

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন